

নং- ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৬(ন-৩২,পার্ট-৪)/

৪০৬

তারিখ : ০২/০৬/২০১৬ খ্রিঃ

“অফিস আদেশ”

সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন চিফ ইনস্ট্রাকটর (মেকানিক্যাল), জনাব আবুল হাসেম-এর জন্ম তারিখ ০৪/০২/১৯৫৭ হওয়ায় Public Servants (Retirement) (Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬/০৪/২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ০৩/০২/২০১৬ তারিখে সরকারী চাকুরী হতে অবসর গমনের জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১২/০১/২০১৬ তারিখের ২৮ নং স্মারকে অনুমতি দেয়া হয়। বর্তমানে তিনি বেতন নির্ধারণী বিবরণী ও ছুটির হিসাবসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অবসরোত্তর ছুটি ও লাম্পসুম্যান্ট মঞ্জুরীর জন্য আবেদন করায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে তা মঞ্জুরীর জন্য প্রস্তাব দেয়া হয়েছে।

- ২। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিলেটের ছুটির হিসাব অনুযায়ী তাঁর অনুকূলে পূর্ণগড় বেতনে ২৪৬ দিন এবং অর্ধগড় বেতনে ১০১৪ দিন ছুটি জমা আছে। অর্ধগড় বেতনের ১০১৪ দিনের ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করা হলে $(১০১৪ \div ২) = ৫০৭$ দিন হয়। উভয় ছুটি একত্র করা হলে পূর্ণগড় বেতনে তাঁর অর্জিত ছুটির পরিমাণ হয় সর্বমোট $(২৪৬ + ৫০৭) = ৭৫৩$ দিন বা ২ বছর ২৩ দিন। পূর্ণগড় বেতনে ৩৬৫ দিন অর্থাৎ ০৪/০২/২০১৬ তারিখ হতে ০৩/০২/২০১৭ তারিখ পর্যন্ত ১ (এক) বছর অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হলে অবশিষ্ট ছুটি থাকে $(৭৫৩ - ৩৬৫) = ৩৮৮$ দিন বা ১২ মাস ২৩ দিন।
- ৩। জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী তাঁর বেতন নির্ধারণ হয়েছে ৪৬,৯৭০/- টাকা। ছুটির হিসাব অনুযায়ী তাঁর অনুকূলে পূর্ণগড় বেতনে ১২ মাস ২৩ দিন ছুটি থাকায় তিনি এককালীন আর্থিক সুবিধা (লাম্পসুম্যান্ট) বাবদ সর্বমোট $(৪৬,৯৭০ \times ১২ \text{ মাস} + ১৫৬৫ \times ২৩ \text{ দিন}) = ৫,৬৩,৬৪০ + ৩৫৯৯৫ = ৫,৯৯,৬৩৫/-$ (পাঁচ লক্ষ নিরানুস্বই হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা প্রাপ্য।
- ৪। বর্ণিতাবস্থায়, জনাব আবুল হাসেমকে ০৪/০২/২০১৬ তারিখ হতে ০৩/০২/২০১৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসরোত্তর ছুটি (পিআরএল) ও ১২ মাস ২৩ দিনের এককালীন আর্থিক সুবিধা (লাম্পসুম্যান্ট) বাবদ ৫,৯৯,৬৩৫/- (পাঁচ লক্ষ নিরানুস্বই হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা মঞ্জুর করা হলো।
- ৫। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
ও
পরিচালক (প্রশাসন)

নং- ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৬(ন-৩২,পার্ট-৪)/৪০৬(৫)

তারিখ : ০২/০৬/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।
- ২। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট।
- ৩। জনাব আবুল হাসেম, প্রাক্তন চিফ ইনস্ট্রাকটর (মেকানিক্যাল), সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক-১
ফোন : ০২-৮১৮১২২৯